গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং- ৬৫ তারিখঃ ১৯/০১/২০২৫খ্রিঃ।

## সভার নোটিশ

উপজেলা পরিষদ নেত্রকোণা এর বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সম্মানিত সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০১/২০২৫খ্রিঃতারিখ সকাল ১১:৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ (অতিরিক্ত দায়িত্ব) নেত্রকোণা মহোদয় এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ জানানো হলো।

স্বা:
(মো: আহসান হাবীব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং- ৬৫ তারিখঃ ১৯/০১/২০২৫খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য-

০১। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২। উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৩। চেয়ারম্যান মেদনী ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৪। চেয়ারম্যান কাইলাটী ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৫। অফিস কপি।

১৯/১/২৫
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

২৬/০১/২০২৫খ্রি: তারিখ উপজেলা পরিষদ নেত্রকোণা এর বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী:-

স্থান: উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এঁর অফিস কক্ষ:

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা। | |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা। | |
| ০৩ | চেয়ারম্যান মেদনী ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা। | |
| ০৪ | চেয়ারম্যান কাইলাটী ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা। | |
| ০৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা সদর, নেত্রকোণা। | |

অদ্য ২৬/০১/২০২৫খ্রি: তারিখ উপজেলা পরিষদ নেত্রকোণা এর বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির এক সভা কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ (অতিরিক্ত দায়িত্ব) নেত্রকোণা মহোদয় এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অদ্যকার সভার কমিটির সদস্য সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা সদর,নেত্রকোণা জানান যে. নেত্রকোণা সদর উপজেলায় নিত্য পণ্য সামগ্রীসহ সব ধরনের পণ্যের কোন সিন্ডিক্যাট নাই তাই বাজারে দামের কোন পরিবর্তন হয়নি এর পরও সঠিক দামে ক্রয়-বিক্রয় হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ মনিটরিং এবং নিয়ন্ত্রণ কিভাবে করা যায় সে বিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সকল সদস্যগণকে আলোচনার আহ্বান জানান এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০১। বৈশ্বিক বাজাবে দ্রব্যমূল্যের দাম বৃদ্ধি পাওয়ায় অত্র উপজেলায় নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী যেন সঠিক দামে ক্রয়-বিক্রয় হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। টিসিবির মাধ্যমে স্বল্প মূল্যে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহ অব্যাহত রাখা এবং চাউল,তেল, ডাল, চিনি সাথে আবও কিছু পণ্য সংযোগ রাখার পক্ষে মতামত দেওয়া হয় এবং অসাধু ব্যবসায়ীরা যেন কোন প্রকার দ্রব্যাদি মজুদ রেখে বাজারে অস্থিতীশীলতা সৃষ্টি করতে না পারে সেজন্য উক্ত কমিটি বাজার নিয়মিত পরিদর্শন করবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করবে।

০৩। বাজারগুলোতে স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় থাকে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০১/২৫
(আসমা বিনতে রফিক)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর,নেত্রকোণা।
ও
সভাপতি
বাজারমূল্য পর্যবেক্ষণ,মনিটরিংও
নিয়ন্ত্রণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
নেত্রকোণা সদর,নেত্রকোণা।
তারিখঃ ২৬/০১/২০২৫খ্রিঃ।

স্মারক নং- ৮৫
<u>অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থের জন্য-</u>

০১। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২। উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৩। চেয়ারম্যান মেদনী ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৪। চেয়ারম্যান কাইলাটী ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৫। অফিস কপি।

২৬/১/২৫
(মো: অহিসান হাবীব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নেত্রকোণা সদর, নেত্রকোণা।
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ বাজারমূল্য
পর্যবেক্ষণ, মনিটরিংও
নিয়ন্ত্রণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা।